

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.১৬.২৬৪.১৬. ১৯) ৩


তারিখ : ১৯/০২/২০১৮ খ্রিঃ

বিষয় : অর্থ মন্ত্রণালয়ের অর্থবিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট প্রোগ্রাম (SEIP) শীর্ষক প্রকল্পে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে ফোকাল পারসন নিয়োগ প্রসঙ্গে।

সূত্র : (ক) স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট প্রোগ্রামের স্মারক নং-অবি/সেইপ/ডিটিই/৬৬/১৪-১৫/৯৯৯ তারিখ : ২৭ জুন, ২০১৬ খ্রিঃ  
(খ) কারিগরি শিক্ষা অধিদপ্তর স্মারক নং-৩৭.০৩.০০০০.০০১.১৮.২৫৫.১৫/১৮৪(১৫০) তারিখ : ৩০/০৩/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থবিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট প্রোগ্রাম (SEIP) শীর্ষক প্রকল্পে কারিগরি শিক্ষা অধিদপ্তর স্মারক নং-৩৭. ০৩. ০০০০.০৪০.১৬.২৬৪.১৬/১৩১০ তারিখ: ০৫/১০/২০১৬ খ্রিঃ মোতাবেক অত্র অধিদপ্তরের পরিচালক (ভোকেশনাল) জনাব মোঃ মিজানুর রহমানকে ফোকাল পারসন হিসেবে মনোনয়ন প্রদান করা হয়।

- ২। বর্ণিত “খ” সূত্র মোতাবেক জনাব মোঃ মিজানুর রহমানকে কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক(পরিকল্পনা ও উন্নয়ন) পদে দায়িত্ব প্রদান করায় এ প্রশিক্ষণ কার্যক্রম সূচারূপে পরিবীক্ষণের জন্য এ অধিদপ্তরের সহকারী পরিচালক-৬ জনাব মোহাম্মদ সাজ্জাদ মুফতীকে স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট প্রোগ্রাম (SEIP) শীর্ষক প্রকল্পে পুনরায় ফোকাল পারসন হিসেবে মনোনয়ন করা হল।
- ৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

  
(ড. মোঃ নূরুল ইসলাম)  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
১৯/০২/১৮

প্রাপক :

জাতীয় প্রকল্প পরিচালক(অতিরিক্ত সচিব)  
স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট প্রোগ্রাম (SEIP) শীর্ষক প্রকল্পে  
অর্থ বিভাগ, অর্থমন্ত্রণালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : জনাব রহিমা বেগম, সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক।

অনুলিপি :

- ১। জনাব মোহাম্মদ সাজ্জাদ মুফতী, সহকারী পরিচালক-৬, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।